দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 1 1999
পৃষ্ঠা ১ কলাম ৩

# মাদ্রাসা শিক্ষা বন্ধ করতে সরকার অনুদান বন্ধের পাঁয়তারা করছে
## — খালেদা জিয়া

প্রেস বিজ্ঞপ্তি ঃ পবিত্র কোরআন অবমাননার প্রতিবাদে ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের মিছিলে পুলিশের নির্বিচারে লাঠিচার্জে বহু আলেম ওলামা আহত হওয়ায় বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। গতকাল (বুধবার) এক বিবৃতিতে তিনি বলেন, আমাদের ওলামা মাশায়েখগণ সকলের শ্রদ্ধার পাত্র। ধর্মীয় সকল বিষয়ে দেশের মানুষ তাদের আদেশ-নির্দেশ অনুসরণ করে থাকেন। আমাদের ধর্ম ও পবিত্র কোরআন-এর ওপর যখনি কোন আঘাত এসেছে ওলামা মাশেয়েখরাই তার বিরুদ্ধে প্রতিবাদের নেতৃত্ব দিয়েছেন। ধর্মের অবমাননা ও ধর্মীয় অনুভূতির বিরুদ্ধে প্রতিবাদী ওলামা মাশেয়েখদের লাঠিপেটা করা নিঃসন্দেহে নিন্দনীয়। বেগম জিয়া বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার অসাম্প্রদায়িকতার নামে আমাদের ধর্মীয় আচার-অনুষ্ঠান ও অনুভূতিকেই আঘাতের নীতি অনুসরণ করে আসছে। তারা মাদ্রাসা

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

**খালেদা জিয়া** প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা বন্ধ ও নিরুৎসাহিত করার জন্য মাদ্রাসা-মক্তবে সরকারী সাহায্য ও অনুদান বন্ধ করে দেয়ার পাঁয়তারা করছে। সরকারের এই নীতির কারণে দেশ সংঘাতের দিকে এগিয়ে যাবে। তিনি সরকারের ইসলাম ধর্ম ও শিক্ষা বিরোধী নীতি অনুসরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ করে সরকারকে এই নীতি পরিহার করার দাবী জানান।